

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫০৩

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৬৯. চুমা দেয়ার পর উযূ করা।

بَابِ الْوُضُوءِ مِنْ الْقُبْلَةِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ حَجَّاجٍ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، عَنْ زَيْنَبَ السَّهْمِيَّةِ، عَنْ عَائِشَة، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ كَانَ يَتَوَضَّأُ وُرُبَّمَا فَعَلَهُ بِي .

#### বাংলা

২/৫০৩। আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওজু/অজু/অযু) করার পর চুমা দিতেন, অতঃপর উযূ (ওজু/অজু/অযু) না করেই সালাত আদায় করতেন। বহুবার তিনি আমার সাথে এরূপ করেছেন।

### **English**

It was narrated from 'Aishah:

"The Messenger of Allah would perform ablution, then he would kiss, then he would perform prayer without performing ablution again. And sometimes he did that with me."

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ২৩৮০৮

তাহকীক আলবানী: যঈফ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ ইবনুল ফুদায়ল সম্পর্কে ইবনু মাঈন বলেন, তিনি সিকাহ। আবু যুরআহ বলেন তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন কোন সমস্যা নেই। ২. হাজ্জাজ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী কিন্তু নির্ভরযোগ্য নয়। তিনি আমর থেকে হাদিস বর্ণনায় তাদলীস করেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় তাদলীস করেন। আবু হাতিম আর-



রাযী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় দুর্বলদের থেকে তাদলীস করেন। ৩. যায়নাব আস সাহমিয়্যাহ সম্পর্কে ইমাম দারাকুতনী ও ইবনু আবদুল বার বলেন, তিনি অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন